

## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)

শিক্ষাবর্ষ : ২০২০-২০২১

বাংলা

1. কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতায় উল্লেখিত 'শাক্যমুনি' কে?  
A. যিশু খ্রিষ্ট B. চৈতন্যদেব  
C. গৌতম বুদ্ধ D. অতীশ দীপঙ্কর

ব্যাখ্যা : 'সাম্যবাদী' কবিতার কতিপয় তথ্য :

- 'শাক্যমুনি' হলেন বুদ্ধদেব। শাকবংশে জন্ম বলে 'শাক্যমুনি' বলা হয়।
- 'আরব দুলাল' হলেন - হযরত মুহাম্মদ (স.)।
- 'কনফুসিয়াস' হলেন - একজন চীনা দার্শনিক।
- 'চার্বাক' হলেন - একজন বস্তুবাদী দার্শনিক ও মুনি।

Ans : C.

2. কোন বানানটি শুদ্ধ?  
A. মহিয়সি B. মহীয়সী C. মহিয়সী D. মহীয়সি

ব্যাখ্যা : কতিপয় শব্দের অশুদ্ধ ও শুদ্ধরূপ :

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
মহিয়সী	মহীয়সী	উদ্বান	উদ্যান
মরিচিকা	মরীচিকা	বিদ্যান	বিদ্বান
বিভিষণ	বিভীষণ	মরুদ্যান	মরুদ্যান
পরিক্ষন	পরীক্ষণ	বিষন্ন	বিষণ্ন

Ans : B.

3. 'পরোপকারই পরম ধর্ম'- কোন রচনার অন্তর্গত?  
A. বিড়াল B. আমার পথ C. জীবন ও বৃক্ষ D. আহ্বান

ব্যাখ্যা : 'বিড়াল' রচনার কতিপয় উক্তি :

- "পরোপকারই পরম ধর্ম।"
- "ধনীর দোষেই দরিদ্র চোর হয়।"
- "চোরের দণ্ড আছে, নির্দয়তার কি দণ্ড নাই?"
- "খাইতে দাও, নহিলে চুরি করিব।"
- "কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই।"
- "তেলা মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ।"

Ans : A.

4. 'এক হতে আরম্ভ করে'- এক কথায়-  
A. ক্রমান্বয়ে B. একাদিক্রমে C. একাধিক্রমে D. একাধারে

ব্যাখ্যা : কতিপয় এককথায় প্রকাশ :

এক হতে আরম্ভ করে	একাদিক্রমে
একই সঙ্গে	একাধারে
একই পাত্র	একাধার
এক আকারে পরিণতকরণ	একীকরণ
সমান অবস্থা প্রাপ্তি	একীভবন
অন্য আশ্রয় নেই যার	অনাশ্রয়

Ans : B.

5. নিচের কোনটি বিসর্গ সন্ধির উদাহরণ নয়?  
A. প্রাতঃস্থান B. নীরস C. সংলাপ D. ভাঙ্কর

ব্যাখ্যা : প্রদত্ত শব্দের সন্ধিবিচ্ছেদ :

প্রদত্ত শব্দ	সন্ধিবিচ্ছেদ	সন্ধির প্রকার
প্রাতঃস্থান	প্রাতঃ + উস্থান	বিসর্গ সন্ধি
নীরস	নিঃ + রস	বিসর্গ সন্ধি
সংলাপ	সম্ + লাপ	ব্যঞ্জন সন্ধি
ভাঙ্কর	ভাঃ + কর	বিসর্গ সন্ধি

Ans : C.

6. 'টানে এক আঁক বক।'- এ বাক্যে 'টানে' কোন কারকে কোন বিভক্তি?  
A. কর্তায় দ্বিতীয়া B. কর্মে সপ্তমী C. অপাদানে দ্বিতীয়া D. করণে সপ্তমী

ব্যাখ্যা : করণকারক : 'করণ' শব্দের অর্থ-যন্ত্র, সহায়ক বা উপায়। বাক্যে ক্রিয়া সম্পাদনের যন্ত্র, মাধ্যম, সহায়ক বা উপায়কে করণকারক বলে।

যথা : 'টানে এক আঁক বক।' (করণে ৭মী)।

এ কলমে লেখা ভালো হয়। (করণে ৭মী)।

Ans : D.

7. 'বিশ্ববিদ্যালয়' শব্দে কয়টি অক্ষর আছে?  
A. দুটি B. সাতটি C. ছয়টি D. পাঁচটি

ব্যাখ্যা : একবারের প্রচেষ্টায় যতটুকু ধ্বনি উচ্চারণ করা যায়, তাকে অক্ষর বলে।  
যথা : বিশ্ + শো + বিদ্ + দ্যা + লয় = বিশ্ববিদ্যালয়।

Ans : D.

8. 'মামার মুখ তখন অনর্গল ছুটিতেছিল'- 'অপরিচিতা' রচনার এ উদ্ধৃতিতে প্রকাশ পেয়েছে অনুপমের মামার-  
A. কেতাদুরস্ত ভাব B. অন্তঃসোরশূন্য অহংকার  
C. অর্থলোলুপতা D. কৌলীন্য

ব্যাখ্যা : 'অপরিচিতা' গল্পের কতিপয় তথ্য :

- 'মামার মুখ তখন অনর্গল ছুটিতেছিল'- উদ্ধৃতিতে প্রকাশ পেয়েছে- অন্তঃসোরশূন্য অহংকার।
- 'ফলু'- ভারতের গয়া অঞ্চলের অন্তঃসেলিলা নদী।
- 'পঞ্চশর'- মদনদেবের ব্যবহার্য পাঁচ ধরণের বাণ।
- অনুপমের আসল অভিভাবক- মামা।
- বিনুদাদা অনুপমের- পিসতুতো ভাই। • সর্বদাই খাতির- হরিশের।

Ans : B.

9. কবির চেতনায় সাদা পাখির 'পা সবুজ' ও 'নখ তীব্র লাল'- 'সবুজ' ও 'লাল' কোন তাৎপর্য বহন করে?  
A. তারুণ্য ও প্রতিবাদ B. প্রেম ও বিদ্রোহ  
C. সাফল্য ও ব্যর্থতা D. সজীবতা ও শুভতা

ব্যাখ্যা : 'লোক-লোকান্তর' কবিতার কতিপয় তথ্য :

- কবির চেতনায় সাদা পাখির 'পা সবুজ' ও 'নখ তীব্র লাল' তাৎপর্য বহন করে- তারুণ্য ও প্রতিবাদের।
- কবির চেতনারূপ পাখি বসে আছে- সবুজ অরণ্যে।
- কবির চেতনাপাখি বসে আছে- চন্দনের ডালে।
- কবির চেতনাপাখির ঠোঁট মাখামাখি হয়ে আছে- সুগন্ধ পরাগে।
- কবি চোখ রাখতে পারেন না- বন্য ঝোপের ওপর।

Ans : A.

10. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যংশে 'লক্ষি' শব্দটি ব্যবহৃত হয়েছে-  
A. লক্ষপতি অর্থে B. গৃহলক্ষ্মী অর্থে C. লক্ষ করে অর্থে D. লক্ষণ অর্থে

ব্যাখ্যা : 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কতিপয় শব্দার্থ-

প্রদত্ত শব্দ	অর্থ	প্রদত্ত শব্দ	অর্থ
লক্ষি	লক্ষ করে	তঙ্কর	চোর
পশিল	প্রবেশ করল	বিধু	চাঁদ
গঞ্জি	তিরস্কার করি		

Ans : C.

11. নিচের কোনটি 'Like cures like'-এর যথার্থ বঙ্গানুবাদ?  
A. কাঁটায় কাঁটা তোলা B. ভাগ্য কর্মঠকে সাহায্য করে  
C. গতস্য শোচনা নাশি D. যেমন কর্ম তেমন ফল

ব্যাখ্যা : কতিপয় বঙ্গানুবাদ :

Like cures like.	কাঁটায় কাঁটা তোলা।
Tit for tat.	ইট মারলে পাটকেসটি খেতে হয়।
Penny wise, pound foolish.	বল্প আটুনি ফস্কা গেরো।
Strike while the iron is hot.	ঝোপ বুঝে কোপ মার।
A barking dog seldom bites.	যত গর্জে তত বর্ষে না।
Diamond cuts diamond.	রতনে রতন চেনে।

Ans : A.

12. কোন শব্দটি উপসর্গযোগে গঠিত নয়?

- A. নীরব B. উত্তরী  
C. উন্মনা D. অভিমান

ব্যাখ্যা : উপসর্গ এক প্রকারের অব্যয়সূচক শব্দাংশ, যা শব্দের আগে বসে নতুন নতুন অর্থবোধক শব্দ গঠন করে।

যথা : অভি + মান = অভিমান।

উৎ + মনা = উন্মনা।

নিঃ + রব = নীরব

• 'উত্তরী' শব্দটি প্রত্যয়যোগে গঠিত শব্দ। এর অর্থ- চাদর।

Ans : B.

13. ধ্বনি বিপর্যয়ের উদাহরণ নয় কোনটি?

- A. পিচাচ > পিচাশ B. বাঙ্গ > বাক  
C. রিঙ্গা > রিঙ্গা D. কুল > ইকুল

ব্যাখ্যা : • শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে, তাকে ধ্বনি বিপর্যয় বলে।

যথা : পিচাচ > পিচাশ, বাঙ্গ > বাক, রিঙ্গা > রিঙ্গা ইত্যাদি।

• 'কুল > ইকুল' এটি আদি স্বরাগমের উদাহরণ।

Ans : D.

14. কোনটি সমষ্টিবাচক শব্দ নয়?

- A. নিকর B. নিচয়  
C. কুল D. দাম

ব্যাখ্যা : • 'কুল' বংশ অর্থে সমষ্টিবাচক শব্দ নয়। তবে, এটি সমষ্টি বা বহুবচনবাচক শব্দ হিসেবেও ব্যবহৃত হয়।

যথা : প্রাণিকুল, অলিকুল, পক্ষিকুল।

• নিকর, নিচয়, দাম-প্রভৃতি হলো সমষ্টি বা বহুবচন বাচক শব্দ বা প্রত্যয়।

যথা : কমলনিকর, পুষ্পনিচয়, শৈবালদাম ইত্যাদি।

Ans : C.

15. নিচের কোন শব্দে 'প্র' উপসর্গ আধিক্য-অর্থের প্রকাশক?

- A. প্রাঙ্গসর B. প্রবর্তন C. প্রমূর্ত D. প্রগাঢ়

ব্যাখ্যা : 'প্র' উপসর্গের বিভিন্ন অর্থে কতিপয় ব্যবহার :

উপসর্গ	যে অর্থে	
প্র	আধিক্য অর্থে	প্রগাঢ়, প্রতাপ, প্রভাব।
	গতি অর্থে	প্রাঙ্গসর, প্রস্থান, প্রবাহ।
	প্রকৃষ্ট অর্থে	প্রভাত, প্রজ্ঞা, প্রচলন।

Ans : D.

### English

Choose the correct option :

1. The synonym of 'hypothetical' is-

- A. actual B. proposed  
C. speculative D. unquestionable

ব্যাখ্যা : Hypothetical - কাল্পনিক।

Actual - আসল।

Speculative - (i) অনুমানমূলক  
(ii) ফটকামূলক।

Proposed - প্রস্তাবিত।

Unquestionable - সন্দেহাতীত/প্রশ্নাতীত।

Hypothetical এর কিছু Synonym & Antonym :

Synonyms : Speculative, Conjectural, Suppositional, Non practical, Presumed.

Antonyms : Actual, Real, Factual, Practical, Non speculative.

Ans : C.

2. My friend failed in the examination because his answers were not \_\_\_ to the questions asked.

- A. inherent B. pertinent  
C. allusive D. inclusive

ব্যাখ্যা : Inherent - অন্তর্নিহিত/সহজাত।

Pertinent - প্রাসঙ্গিক।

Allusive - ইঙ্গিতপূর্ণ।

Inclusive - সব কিছু অন্তর্ভুক্ত আছে এমন।

প্রশ্নে প্রদত্ত লাইনটির অর্থ হচ্ছে- 'আমার বন্ধু পরীক্ষাতে ফেল করেছিল কারণ তার উত্তরগুলো প্রশ্নে যা জিজ্ঞেস করা হয়েছিল তার সাথে প্রাসঙ্গিক (Pertinent) ছিল না।

Ans : B.

3. The poem 'Bidrohi' written by Kazi Nazrul Islam is as alive and \_\_\_ today as it was a hundred years ago.

- A. appealed B. appealing  
C. appeal D. the appeal

ব্যাখ্যা : Comparison (তুলনা) এর ক্ষেত্রে as + adj/adv + as হবে। প্রদত্ত প্রশ্নে প্রথম as এর পর alive (জীবন্ত) হচ্ছে adj। তাই, and এর পরেও আরেকটা adj হবে।

Appealing - (adj.) আকর্ষণীয়/মজাদার।

Ans : B.

4. Travellers \_\_\_ their reservations well in advance if they want to fly during the summer holidays.

- A. had better to get B. had to get better  
C. had better get D. had better got

ব্যাখ্যা : Structure : Had better/would rather + verb এর base form হয়।

Ex : (i) He had better see a doctor.  
base form

(ii) Travellers had better get their reservations.  
base form

Ans : C.

5. Many leading members of the opposition party \_\_\_ to justify the decision.

- A. have tried B. has tried  
C. trying D. tries

ব্যাখ্যা : Sub + Prepositional phrase + Verb যখন বসবে তখন Prepositional phrase এর verb এর উপর কোনো ভূমিকা থাকবে না। Sub যদি singular হয় verb হবে singular এবং Sub যদি plural হয় verb হবে plural।

Ex : (i) The study of languages is very interesting.  
Singular Prepositional Singular  
subject phrase verb

(ii) Many leading members of the opposition party  
Plural subject Prepositional phrase

have tried to justify the decision.

Plural verb

Ans : A.

Read the following passage and answer questions 6-10 :

An alloy is a substance that is formed by combining a metal with other metals, or nonmetals. For example, brass is an alloy of the metals copper and zinc, and steel is alloy of the metal iron with the nonmetal carbon. The special characteristics of metals, such as hardness, strength, flexibility, and weight are called its properties. By the process of alloying, it is possible to create materials with the exact combinations of properties for particular use.

In the aircraft industry, there is a need for metals that are both strong and light. Steel is strong but too heavy, whereas aluminum is light but not strong. By mixing aluminum with copper and other metals, an alloy is created that is strong to withstand the stresses of flight, but light enough to reduce the cost of fuel to lift the aircraft.

There is an important difference between the alloys created by us and the combination of metals that occur accidentally as impure metals. Both are mixtures, but alloys are mixtures that have been deliberately combined in specific proportions for definite purpose.

6. What is an alloy?

- A. metals melted in liquid form.  
B. Industrial materials which are not very good.  
C. A planned combination of materials for a specific purpose.  
D. Impure materials that occur accidentally.

ব্যাখ্যা : Alloy - (N.) সঙ্কর/মিশ্র ধাতু, দুই বা ততোধিক ধাতুর সংমিশ্রণে Alloy (মিশ্র ধাতু) গঠিত হয়। Passage টির প্রথম লাইনে Alloy এর সংজ্ঞা দেওয়া আছে।

Ans : C.

7. Which one of the following, according to the passage, is applicable to metals?

- A. They do not have any weight. B. They are not strong.  
C. They are pliable. D. They are soft.

ব্যাখ্যা : Passage এর তৃতীয় লাইনে metals (ধাতুর) ৪টি বৈশিষ্ট্যের কথা বলা হয়েছে তার মধ্যে একটি হল Flexibility (নমনীয়তা)।

Option 'C' তে Pliable আছে যার অর্থ হচ্ছে 'নমনীয়'। তাই, এটি সঠিক।

Ans : C.

8. What does the writer say about alloys in the text?

- A. They are not useful.  
B. They are created from waste products.  
C. They are a combination of metals in specific proportions.  
D. In alloys metals are combined in random proportions.

ব্যাখ্যা : Passage টির শেষের লাইনে আছে 'But alloys are mixtures that have been deliberately combined in specific proportions for definite purpose'. অর্থাৎ, Alloy হচ্ছে মিশ্রণ যেখানে নির্দিষ্ট অনুপাতে ধাতুদের মিশ্রিত করা হয় একটা নির্দিষ্ট উদ্দেশ্যে।

Option 'C' তে ও একই কথা বলা হয়েছে।

Ans : C.

9. Why does the passage give the example of the aircraft industry?

- A. To emphasise the importance of the aircraft industry.  
B. To demonstrate how alloys can be used to solve industrial problems.  
C. To show how materials can be used without alloying.  
D. To show the negative side of alloys.

ব্যাখ্যা : Passage এর দ্বিতীয় Para তে Aircraft industry এর জন্য এমন ধাতু প্রয়োজন যা হবে মজবুত কিন্তু হালকা। তাই, তাদের সমস্যা সমাধানের জন্য Aluminium + Copper + Other metals দিয়ে alloy (মিশ্র ধাতু) তৈরি করে aircraft industry এর সমস্যাগুলো পূরণ করা হয়। তাই, Alloy এর মাধ্যমে কিভাবে aircraft industry এর সমস্যাগুলো সমাধান করা হয় তা বলার জন্য Passage এ aircraft industry এর উদাহরণ দেওয়া হয়েছে। অপশন 'B' তে একই কথা বলা হয়েছে।

Ans : B.

10. The passage says that alloys are \_\_\_\_.

- A. industrial by products  
B. industrially unimportant  
C. made by us  
D. only used in aircraft industry

ব্যাখ্যা : Passage টির ৩য় Para তে বলা হয়েছে। 'alloys created by us' অর্থাৎ Alloy (মিশ্র ধাতু) আমাদের দ্বারা তৈরি। অপশন 'C' তে একই কথা বলা হয়েছে।

Ans : C.

Choose the correct option :

11. I have reconciled myself \_\_\_\_\_ never loving my job.

- A. at B. to C. after D. on

ব্যাখ্যা : Reconcile oneself to sth - কোনো অপ্রীতিকর বা বেদনাদায়ক পরিস্থিতিতে মেনে নেওয়া কারণ তা আর পরিবর্তন হবে না। প্রদত্ত প্রশ্নে বুঝিয়েছে, 'আমি আমার চাকরি কখনো ভাল না লাগলেও মেনে নিয়েছি'।

কিছু গুরুত্বপূর্ণ Appropriate Preposition :

Adhere to	Insist on	Excel in	Capacity for
Inclined to	Refer to	Allot to	Close to
Exempt from	Rid of	Clue to	Afraid of
Contribute to	Eligible for	Access to	Aptitude for
Dispose of	Cope with	Adjacent to	Ambition for
Confident of	Envy of	Addicted to	Absorbed in

Ans : B.

12. The correct reported form of the sentence-

He said to me, 'You will get the result of your COVID-19 test tomorrow.'

- A. He told me that I would get the result of my COVID-19 test the next day.  
B. He said I would get the result of my COVID-19 test tomorrow.  
C. He told me that I get the result of my COVID-19 test the next day.  
D. He told me that I will be getting the result of my COVID-19 test.

ব্যাখ্যা : Assertive sentence কে Direct speech থেকে Indirect speech এ রূপান্তর করার সময় said to এর পরিবর্তে told বসবে ; তারপর that বসবে। তারপর Number ও Person অনুযায়ী sub বসবে এবং tense অনুযায়ী পরিবর্তন হবে। এখানে Direct speech এ 'will' আছে তা Indirect এ 'would' হবে এবং 'tomorrow' থাকলে 'the next day' হবে।

Direct : He said to me, "You will get the result of your COVID-19 test tomorrow."

Indirect : He told me that I would get the result of my COVID-19 test the next day.

Ans : A.

13. The correct passive form of 'Who baked the cake?' is-

- A. Who the cake was baked?  
B. By whom has the cake been baked?  
C. By who was the cake baked?  
D. By whom was the cake baked?

ব্যাখ্যা : Active voice এ 'Who' থাকলে 'By whom' বসবে। প্রদত্ত প্রশ্নে 'Past Indefinite' আছে তাই passive এ Auxiliary verb 'was' বসবে এবং verb past participle হবে।

Active : Who baked the cake?

Passive : By whom was the cake baked?

Ans : D.

14. The thieves broke the window and climbed \_\_\_\_\_ it.

- A. across B. over C. along D. through

ব্যাখ্যা : এখানে preposition 'through' বসবে কারণ চোরটি জানালা ভেঙ্গে জানালা দিয়ে প্রবেশ করল। ভিতর দিয়ে অতিক্রম করা বা যাওয়া অর্থে 'through' ব্যবহৃত হয়।

সরুত্বপূর্ণ কিছু Appropriate Preposition :

Beware of	Attach to	Lament for	Junior to
Divert from	excuse for	Indifferent to	Fond of
Endowed with	Excel in	Famous for	Inferior to
Object to	Obstacle to	key to	Good at

Ans : D.

15. When a meteorite enters the earth's atmosphere, it travels \_\_\_\_\_.

- A. very rapidly B. haltingly  
C. fastly D. ploddingly

ব্যাখ্যা : Rapidly - দ্রুতভাবে।

Haltingly - থেমে থেমে।

Fastly - এটির ব্যবহার নেই। (Fast নিজেই Adj এবং Adv হিসেবে ব্যবহৃত হয়।)

Ploddingly - শ্রমশীলভাবে।

প্রদত্ত প্রশ্নের অর্থ হচ্ছে- 'যখন উল্কাপিণ্ড পৃথিবীর বায়ুমন্ডলে প্রবেশ করে, এটি খুব দ্রুত ছোটে'। তাই, সঠিক উত্তর হবে very rapidly।

Ans : A.

### সাধারণ জ্ঞান

১. মিয়ানমারে সামরিক শাসনবিরোধী সাম্প্রতিক জনবিক্ষোভ কী নামে পরিচিত?

- A. মিয়ানমার বিপ্লব B. মিয়ানমার গণতান্ত্রিক বসন্ত  
C. মিয়ানমার বিপ্লবী বসন্ত D. বসন্ত বিপ্লব

ব্যাখ্যা : সরুত্বপূর্ণ কিছু তথ্য-

• মিয়ানমারে সেনা অভ্যুত্থান ঘটে - ১ ফেব্রুয়ারি, ২০২১।

• মিয়ানমারের সামরিক শাসন-বিরোধী আন্দোলন ঘটে - ২ ফেব্রুয়ারি, ২০২১।

• সামরিক শাসন-বিরোধী আন্দোলনের নাম - বসন্ত বিপ্লব। [সূত্র: উইকিপিডিয়া]

□ আলোচ্য আন্দোলনের লক্ষ্যসমূহ-

(১) জেনারেল মিন অং হ্লাইং এর পদত্যাগ।

(২) সামরিক আইন প্রত্যাহার।

(৩) অংসান সু চি সহ রাজনৈতিক বন্দীদের মুক্তি

(৪) গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা।

Ans : D.

২. ২০২১ সালের কান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে 'আ সার্ভে রিগা' বিভাগে বাংলাদেশের কোন সিনেমা মনোনয়ন পেয়েছিল?

- A. সাদিয়া পারভীন নূর B. রেহানা মরিয়ম নূর  
C. সাহানা পারভীন নূর D. ফরিদা মরিয়ম নূর

ব্যাখ্যা : সরুত্বপূর্ণ কিছু তথ্য-

• ২০২১ সালের কান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের বিভাগ - ৪টি।

• 'আ সার্ভে রিগা' বিভাগে স্থান পায় - রেহানা মরিয়ম নূর।

• রেহানা মরিয়ম নূর ছবির পরিচালক - আব্দুল্লাহ মুহাম্মদ সাদ।

• কান চলচ্চিত্র উৎসব মূলত - ফ্রান্স ভিত্তিক।

• কান চলচ্চিত্র উৎসবে স্থান পাওয়া বাংলাদেশের প্রথম সিনেমা - তারেক মাসুদের 'মাটির ময়না'।

Ans : B.

৩. আই.সি.ইউ- এর পূর্ণরূপ কী?

- A. ইনটেনসিভ করোনা ইউনিট B. ইমপালসিভ কেয়ার ইউনিট  
C. ইনটেনসিভ কেয়ার ইউনিট D. ইমপ্রেসিভ ক্যান্সার ইউনিট

ব্যাখ্যা : সরুত্বপূর্ণ কিছু Abbreviation-

• FCPS - Fellow of College of Physicians and Surgeons.

• MCS - Master of Computer Science.

• ISBN - International Standard Book Number.

• FAQ - Frequently Asked Questions.

• ICU - Intensive Care Unit.

Ans : C.

৪. একটি ত্রিভুজের পরিসীমা ৩৬ সে.মি. ও বাহুগুলোর দৈর্ঘ্যের অনুপাত ৩:৪:৫। ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

- A. ৬ B. ৫৪ C. ৬৭ D. ৯০

ব্যাখ্যা : দেওয়া আছে, ত্রিভুজের পরিসীমা = ৩৬ সে.মি

বাহুগুলোর দৈর্ঘ্যের অনুপাত = ৩ : ৪ : ৫।

এখন, অনুপাতের রাশিগুলোর যোগফল = ৩ + ৪ + ৫ = ১২।

অতএব, ১ম রাশি =  $\frac{৩৬}{১২} \times ৩ = ৯$

২য় রাশি =  $\frac{৩৬}{১২} \times ৪ = ১২$

এবং ৩য় রাশি =  $\frac{৩৬}{১২} \times ৫ = ১৫$

বি.দ্র : বাহুর দৈর্ঘ্য বের করার বিকল্প পদ্ধতি :

ধরি, ত্রিভুজের বাহু = x

∴ প্রথমতে, 3x + 4x + 5x = 36

⇒ 12x = 36 ⇒ x =  $\frac{36}{12}$  ⇒ x = 3

সুতরাং, ত্রিভুজের বাহুত্রয় যথাক্রমে, 3x = 3.3 = 9

4x = 4.3 = 12

5x = 5.3 = 15

∴ এটি একটি সমকোণী ত্রিভুজ [∵ বাহুত্রয় ৯, ১২, ১৫]

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল =  $\frac{১}{২} \times$  ভূমি  $\times$  উচ্চতা =  $\frac{১}{২} \times ৯ \times ১২ = ৫৪$

Ans : B.

৫. পালস অক্সিমিটারের কাজ কী?

- A. রক্তে অক্সিজেনের মাত্রা যাচাই B. রক্তে শর্করার মাত্রা যাচাই  
C. বাতাসে অক্সিজেনের মাত্রা যাচাই D. পানিতে অক্সিজেনের মাত্রা যাচাই

ব্যাখ্যা : সরুত্বপূর্ণ কিছু তথ্য-

• পালস অক্সিমিটারের কাজ - রক্তে অক্সিজেনের মাত্রা যাচাই।

• পালস অক্সিমিটার ব্যবহার করা হয় - হাতের আঙুলের মাথায়।

• সাধারণত শরীরে অক্সিজেনের স্বাভাবিক মাত্রা- (৯৫ - ১০০) শতাংশ অক্সিজেনের উপস্থিতি।

• শরীরে ৯৫ শতাংশের কম অক্সিজেন থাকলে - হাইপোক্সিয়া হয়।

• হাইপোক্সিয়া হলে - মাথা ব্যাথা, বুক ব্যাথা, হৃৎস্পন্দন বেড়ে যায়।

Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়

• প্রশ্নব্যাংক • ক্লাস • পরীক্ষা • PDF • তথ্য • কোর্স • কেয়ার

৬. কার নেতৃত্বে অক্সফোর্ড অ্যাস্ট্রোজেনেকা টিকা আবিষ্কার করা হয়?
- A. অয়লেম টুরেসি B. সারা হ গিলবার্ট  
C. হ্যামিলটন বিনেট D. আদর পুনেওয়লা

ব্যাখ্যা : অ্যাস্ট্রোজেনেকা টিকা সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- ভ্যাকসিনটি আবিষ্কারে কাজ করে - অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের জেনার ইন্সটিটিউট এবং অক্সফোর্ড ভ্যাকসিন গ্রুপ।
- ভ্যাকসিনটি আবিষ্কারে নেতৃত্ব দেন - সারা গিলবার্ট।
- উক্ত টিকার ৩য় পর্যায়ের রোগীভিত্তিক গবেষণা চলে - ডিসেম্বর ২০২০ পর্যন্ত।
- উক্ত ভ্যাকসিন টিকাদান কর্মসূচিতে ব্যবহারের অনুমতি পায় - ৩০ ডিসেম্বর, ২০২০।
- উক্ত ভ্যাকসিনের প্রথম টিকাকরণ পরিচালিত হয় - ৪ জানুয়ারি, ২০২১।

Ans : B.

৭. HTTP এর পূর্ণরূপ কী?

- A. Hyper Text Transmission Protocol  
B. Hyper Text Transfer Protocol  
C. Hyper Text Transition Protocol  
D. Hyper Text Transfer Promotion

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু Abbreviation-

- MIS = Management Information System.
- SQL = Structured Query Language.
- CPU = Central Processing Unit.
- HTTP = Hyper Text Transfer Protocol.
- HTML = Hyper Text Markup Language.

Ans : B.

৮. সৌদি সাংবাদিক জামাল আহমদ খাশোগীকে কোন শহরে হত্যা করা হয়?

- A. কারুল B. তেহরান  
C. রিয়াদ D. ইস্তাম্বুল

ব্যাখ্যা : জামাল খাশোগী সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- জামাল খাশোগী একজন সৌদি বংশোদ্ভূত - সাংবাদিক।
- জামাল খাশোগীকে হত্যা করা হয় - ইস্তাম্বুল শহরে।
- জামাল খাশোগী সাংবাদিকতা করতেন - দি ওয়াশিংটন পোস্ট এর।
- তিনি সাধারণ ব্যবস্থাপক এবং মূখ্য সম্পাদক ছিলেন - আল এরাব নিউজ চ্যানেলের।
- জামাল খাশোগীকে হত্যা করা হয় - ২ অক্টোবর, ২০১৮।

Ans : D.

৯. কোনটি অনলাইন শিক্ষণ-শিখন প্ল্যাটফর্ম নয়?

- A. গুগল ক্লাসরুম B. জুম  
C. গুগল পিক্সেল D. গুগল মিট

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- গুগল ক্লাসরুম - শিক্ষক-শিক্ষার্থীদের জন্য গুগলের তৈরি প্ল্যাটফর্ম।
- গুগল পিক্সেল - ক্রোম অপারেটিং সিস্টেমে চালিত গুগলের ইলেকট্রনিক পণ্যের একটি সিরিজ।
- জুম - গ্রুপ ভিডিও কলিং বা মিটিং এর জন্য ব্যবহৃত এ্যাপ।
- গুগল মিট - গ্রুপ ভিডিও কলিং এর জন্য তৈরি গুগলের একটি এ্যাপ।
- প্রস্তুত অপশনগুলোর মধ্যে গুগল পিক্সেল ছাড়া অন্য তিনটি প্ল্যাটফর্ম অনলাইন শিক্ষণ-শিখনে ব্যবহৃত হয়।

Ans : C.

১০. সাই-ফাই এর অর্থ কী?

- A. বৈজ্ঞানিক আবিষ্কার B. বৈজ্ঞানিক কল্পকাহিনী  
C. বৈজ্ঞানিক সত্যকাহিনী D. উপরের কোনটিই নয়

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- সাই-ফাই/সাইন্স ফিকশন অর্থ - বৈজ্ঞানিক কল্পকাহিনী।
- সাই-ফাই শব্দটি বিশেষভাবে সম্পর্কিত - সিনেমার সাথে।
- প্রথম সাই-ফাই সিনেমা বানান - জর্জ মিলিয়ে।
- প্রথম সাই-ফাই সিনেমার নাম - এ ট্রিপ টু দ্য মুন (১৯০২)।
- সাই-ফাই সিনেমার বিষয় - ভবিষ্যত পৃথিবী কেমন হতে পারে, তা নিয়ে মানুষের চিন্তা এবং তার প্রকাশ।

Ans : B.

১১. কোনটি পারস্য উপসাগরীয় রট্টে?

- A. সৌদি আরব B. তুরস্ক  
C. জর্দান D. ইসরায়েল

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- বিশ্বের অন্যতম প্রধান জলপথ - পারস্য উপসাগর।
- পারস্য উপসাগরের অবস্থান - দক্ষিণ-পশ্চিম এশিয়ায় (ইরান ও আরব উপদ্বীপের মাঝখানে)।
- পারস্য উপসাগর মূলত - ওমান উপসাগরের একটি বর্ধিত অংশ।
- পারস্য উপসাগরীয় দেশ - ইরাক, কুয়েত, সৌদি আরব, কাতার, বাহরাইন, ওমান, সংযুক্ত আরব আমিরাত।

Ans : A.

১২. ১৯২১ সালে কয়টি অনুষদ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় যাত্রা শুরু করে?

- A. ২ B. ৩ C. ৪ D. ১২

ব্যাখ্যা : ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকালে (১৯২১) অনুষদ ছিল - ৩টি।
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় - ব্রিটেনের অক্সব্রিজ শিক্ষাব্যবস্থা অনুসরণে।
- ঢাবির নীতিবাক্য ও স্লোগান - সত্যের জয় সুনিশ্চিত ও শিক্ষাই আলো।
- ঢাবির বর্তমান অনুষদ ও বিভাগ - ১৩টি ও ৮৩টি।
- ঢাবির শিক্ষার্থীদের মধ্যে ১৩জন রাষ্ট্রপতি, ৭ জন প্রধানমন্ত্রী এবং ১ জন - নোবেলবিজয়ী রয়েছেন।

Ans : B.

১৩. আফ্রিকার সাব-সাহারা অঞ্চল অন্য কী নামে পরিচিত?

- A. হ্যভানা B. সাভানা  
C. সাহেল D. থেইরি

ব্যাখ্যা : সাহিল বা সাহেল সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- সাহিল/সাহেল অঞ্চলের অপর নাম - সাব-সাহারা।
- সাহেল অঞ্চলের অবস্থান - পশ্চিম আফ্রিকায়।
- সাহেলের উত্তরে অবস্থিত - মরুময় সাহারা।
- সাহেলের দক্ষিণে অবস্থিত - আর্দ্র ক্রান্তীয় অঞ্চল।
- সাহেলে বাৎসরিক (জুন-সেপ্টেম্বর) বৃষ্টিপাত হয়- (৪ - ৮) ইঞ্চি।

Ans : C.

১৪. সাজেক উপত্যকা কোথায় অবস্থিত?

- A. খাগড়াছড়ি B. বান্দরবান  
C. রাঙামাটি D. কক্সবাজার

ব্যাখ্যা : বাংলাদেশের গুরুত্বপূর্ণ কিছু দর্শনীয় স্থান-

দর্শনীয় স্থান	জেলা	দর্শনীয় স্থান	জেলা
সাজেক	রাঙ্গামাটি	হিমছড়ি	কক্সবাজার
কাণ্ডাই হ্রদ	রাঙ্গামাটি	ইনানি সমুদ্র সৈকত	কক্সবাজার
সীতাকুন্ড	চট্টগ্রাম	আনন্দ বিহার	কুমিল্লা
ফয়েজ লেক	চট্টগ্রাম	ধর্মসাগর দীঘি	কুমিল্লা
পর্তুগীজ দুর্গ	চাঁদপুর	আহসান মঞ্জিল	ঢাকা
আলুটিলা গুহা	খাগড়াছড়ি	ইদ্রাকপুর কেব্রা	মুন্সীগঞ্জ

Ans : C.

১৫. আগরতলা ষড়যন্ত্র মামলার দাপ্তরিক নাম কী ছিল?

- A. আগরতলা ষড়যন্ত্র  
B. রাষ্ট্র বনাম আগরতলা  
C. রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য  
D. সরকার বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য

ব্যাখ্যা : 'আগরতলা ষড়যন্ত্র মামলা' সম্পর্কে শুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- আগরতলা ষড়যন্ত্র মামলার মোট আসামি - ৩৫ জন।
- উক্ত মামলার প্রধান আসামি - শেখ মুজিবুর রহমান।
- উক্ত মামলার দাপ্তরিক নাম - রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য।
- উক্ত মামলার বিচারকার্য শুরু হয় - ১৯৬৮ সালের ১৯ জুন (ঢাকায়)।
- উক্ত মামলার প্রধান বিচারক - বিচারপতি এস.এ. রহমান।
- বঙ্গবন্ধুর পক্ষে মামলা লড়েন - ব্রিটিশ আইনজীবী স্যার টমাস উইলিয়াম।

Ans : C.

১৬. 'আমি নিঃশ্বাস নিতে পারছি না'- এই শ্লোগানটি কোন আন্দোলনের সাথে সম্পর্কিত?

- A. পোস্টকলোনিয়াল মুভমেন্ট  
B. পুওর লাইভস ম্যাটার  
C. ফিলিস্তিনের স্বাধীনতা  
D. ব্ল্যাক লাইভস ম্যাটার

ব্যাখ্যা : 'ব্ল্যাক লাইভস ম্যাটার (বিএলএম)' সম্পর্কে শুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- ব্ল্যাক লাইভস ম্যাটার একটি - মানবাধিকার আন্দোলন।
- বিএলএম উদ্ভূত - আফ্রিকান-আমেরিকান সম্প্রদায়ের মধ্যে।
- বিএলএম আন্দোলনের শ্লোগান - আমি নিঃশ্বাস নিতে পারছি না।
- কৃষ্ণাঙ্গদের প্রতি সহিংসতা এবং পদ্ধতিগত বর্ণবাদের বিরুদ্ধে প্রচার চালায় - ব্ল্যাক লাইভস ম্যাটার আন্দোলন।
- বিএলএম আন্দোলন শুরু হয় - ১৩ জুলাই ২০১৩।

Ans : D.

১৭. ২০২০ সালের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ বিজয়ী বাংলাদেশ ক্রিকেট দলের অধিনায়ক কে ছিলেন?

- A. আকবর আলী  
B. শামীম হোসেন  
C. শরীফুল ইসলাম  
D. তোহিদ হুদয়

ব্যাখ্যা : শুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ খেলা শুরু হয় - ১৯৯৮ সালে।
- অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ-২০২০ ; বিজয়ী দল - বাংলাদেশ।
- বিজয়ী দলের অধিনায়ক - আকবর।
- অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ; সর্বোচ্চ বিজয়ী - ভারত (৪ বার)।
- অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ; দলের সংখ্যা - ১৬টি।

Ans : A.

১৮. নিচের কোন বনটি সর্ববৃহৎ?

- A. সুন্দরবন  
B. লাউয়াছড়া  
C. রেমা-কালেঙ্গা  
D. মধুপুর

ব্যাখ্যা : 'সুন্দরবন' সম্পর্কে শুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- সুন্দরবনের মোট আয়তন - ১০,০০০ বর্গ কিলোমিটার।
- সুন্দরবনে ছড়িয়ে আছে - ৪০০ টি নদী-নালা ও ২০০ টি দ্বীপ।
- সুন্দরবন অবস্থিত বাংলাদেশের - ৫টি জেলায় (সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, পটুয়াখালী, বরগুনা)।
- সুন্দরবনের মধ্যে পর্যটন কেন্দ্র হলো - হিরণ পয়েন্ট, টাইগার পয়েন্ট এবং এলিফ্যান্ট পয়েন্ট।
- সুন্দরবনকে বলা হয় - বাংলাদেশের ফুসফুস।
- দুবলার চর থেকে ১০ কি.মি দক্ষিণে অবস্থিত - বঙ্গবন্ধু দ্বীপ।

Ans : A.

১৯. কোন দেশ 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ' প্রকল্প চালু করেছে?

- A. ভারত  
B. চীন  
C. রাশিয়া  
D. দক্ষিণ কোরিয়া

ব্যাখ্যা : 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ' সম্পর্কে শুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ' প্রকল্প চালু করেছে - চীন।
- এই প্রকল্পের অপর নাম - ওয়ান বেল্ট, ওয়ান রোড।
- এই প্রকল্পের পরিধি এশিয়া ও ইউরোপের - ৬০টি দেশে।
- বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ প্রকল্পের কথা উত্থাপন করেন - শি চিন পিং (২০১৩ সালে)।
- এ যাবৎকালে সবচেয়ে বড় অর্থনৈতিক প্রকল্প - ওয়ান বেল্ট, ওয়ান রোড।

Ans : B.

২০. কোন ঘটনার কারণে ধরিত্রী দিবসের সূচনা হয়?

- A. ব্যাপক তেল নিঃসরণ  
B. জলবায়ু পরিবর্তন  
C. ব্যাপক বায়ু দূষণ  
D. পারমাণবিক বিস্ফোরণ

ব্যাখ্যা : 'ধরিত্রী দিবস' সম্পর্কে শুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- পৃথিবীকে ধ্বংসের হাত থেকে রক্ষার জন্য সর্বসম্মত ধার্য করা দিবসকে বলে - বিশ্ব ধরিত্রী দিবস।
- ধরিত্রী দিবস পালিত হয় - ২২শে এপ্রিল (প্রতিবছর)।
- ১৯৬৯ সালে সান্তা বারবারায় তেল নির্গমন হতে থাকে। তিরিশ লক্ষ গ্যালনের বেশি তেল উদগিরণ হয়েছিল, ফলে ১০,০০০ সামুদ্রিক পাখি, ডলফিন, সিল এবং সমুদ্রের ছোট-বড় মাছের হত্যা সংগঠিত হয়। এই প্রাকৃতিক দুর্বিপাকের প্রতিক্রিয়ার ফলস্বরূপ সর্বপ্রথম ধরিত্রী দিবস পালিত হয় - ১৯৭০ সালে।
- উক্ত দিবস আন্তর্জাতিকভাবে পালিত হয় - ১৯৯০ সাল থেকে।

Ans : A.

২১. ১৯৬৫ সালে স্বাধীনতা লাভের আগে সিঙ্গাপুর কোন দেশের অংশ ছিলো?

- A. ইন্দোনেশিয়া  
B. মালয়েশিয়া  
C. কম্বোডিয়া  
D. চীন

ব্যাখ্যা : 'সিঙ্গাপুর' সম্পর্কে শুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- অবস্থান - মালয় উপদ্বীপের নিকটে।
- সরকারি নাম - সিঙ্গাপুর প্রজাতন্ত্র।
- রাজধানী - সিঙ্গাপুর নগররাজ্য।
- সরকারি ভাষা - ইংরেজি, মালয়, চীনা, তামিল।
- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী - হালিমা ইয়াকুব, লি সিয়েন লুং।
- স্বাধীনতা অর্জন - মালয়েশিয়া থেকে (১৯৬৫)।

Ans : B.

২২. 'দ্য ফাস্ট প্ল্যান্টেশন' শিল্পকর্মটি কার?

- A. জয়নুল আবেদিন  
B. কামরুল হাসান  
C. মুর্তজা বশীর  
D. এস. এম সুলতান

ব্যাখ্যা : শুরুত্বপূর্ণ কিছু চিত্রকর্ম ও চিত্রকর-

চিত্রকলা	শিল্পী	চিত্রকলা	শিল্পী
দুর্ভিক্ষ	জয়নুল আবেদিন	সংগ্রাম	জয়নুল আবেদিন
নবান্ন	কামরুল হাসান	তিন কন্যা	কামরুল হাসান
দ্য ফাস্ট প্ল্যান্টেশন	এস এম সুলতান	হত্যায়ত্ত	এস এম সুলতান
জলের নিনাদ	সফিউদ্দিন আহমেদ	জমি কর্ষণ	এস এম সুলতান
মইটানা	জয়নুল আবেদিন	চর দখল	এস এম সুলতান

Ans : D.

২৩. ২০২১ সালে অনুষ্ঠিত জার্মানীর জাতীয় সংসদ নির্বাচনে কোন দল সর্বোচ্চ আসন পেয়েছে?

- A. সোশ্যাল ডেমোক্রেটিক পার্টি  
B. দ্য লেফট পার্টি  
C. অন্টারনেটিভ ফর জার্মানী  
D. দ্য গ্রীনস

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- ২০২১ সালের জার্মান জাতীয় নির্বাচনে সর্বোচ্চ আসন লাভ করেছে- সোশ্যাল ডেমোক্রেটিক পার্টি।
- এঞ্জেলো মার্কেলের দলের নাম - ডেমোক্রেটিক ইউনিয়ন অফ জার্মানি।
- ২০২১ সালের জার্মানিতে সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় - ২৬ সেপ্টেম্বর।
- এঞ্জেলো মার্কেল ক্ষমতায় ছিলেন - দীর্ঘ ১৫ বছর।
- এঞ্জেলো মার্কেলকে বলা হয় - জার্মানের লৌহমানবী।
- লৌহমানবী এঞ্জেলো মার্কেল একজন - পদার্থবিদ।

Ans : A.

২৪. বাংলাদেশ ডেন্টা গ্র্যান্ড এর সময়সীমা কত সাল নাগাদ?

- A. ২০৫০ B. ২১০০ C. ২১৫০ D. ২২০০

ব্যাখ্যা : বাংলাদেশের 'ডেন্টা গ্র্যান্ড' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- ডেন্টা গ্র্যান্ডের মেয়াদকাল - ২১০০ সাল।
- ডেন্টা গ্র্যান্ড উত্থাপন করা হয় - ২০১৮ সালে।
- ডেন্টা গ্র্যান্ড করা হয় - নেদারল্যান্ডকে অনুসরণ করে।
- প্রথম ধাপের মেয়াদকাল - ২০৩০ সাল।
- ডেন্টা গ্র্যান্ডের লক্ষ্য - মোট ৬ টি।

Ans : B.

২৫. ভারতীয় উপমহাদেশের প্রথম শিক্ষা কমিশনের নাম কী?

- A. কার্জন শিক্ষা কমিশন B. মেকলে শিক্ষা কমিশন  
C. হান্টার শিক্ষা কমিশন D. স্যাডলার শিক্ষা কমিশন

ব্যাখ্যা : 'হান্টার কমিশন' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- উপমহাদেশের প্রথম শিক্ষা কমিশন - হান্টার শিক্ষা কমিশন।
- হান্টার কমিশন গঠন করা হয় - ১৮৮২ সালে।
- হান্টার কমিশনের সভাপতি - স্যার উইলিয়াম উইলসন হান্টার।
- হান্টার কমিশনে প্রকাশিত প্রস্তাব - ২২২টি।
- হান্টার কমিশনের উদ্দেশ্য - ৪টি।

Ans : C.

২৬. বরিশালের রূপে মুদ্রিত হয়ে কোন কবি এই নগরকে 'বাংলার ভেনিস' আখ্যা দিয়েছিলেন?

- A. রবীন্দ্রনাথ ঠাকুর B. কাজী নজরুল ইসলাম  
C. জসীমউদ্দীন D. জীবনানন্দ দাশ

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- বরিশাল বাংলাদেশের একটি - জেলা ও বিভাগীয় শহর।
- বরিশালে বাকেরগঞ্জ জেলার সদর দপ্তর হয় - ১৮০১ সালে।
- বরিশাল জেলা অবস্থিত - কীর্তনখোলা নদীর তীরে।
- বরিশালকে 'বাংলার ভেনিস' আখ্যা দেন - কাজী নজরুল ইসলাম।
- বরিশালে অবস্থিত নদী বন্দরটি - বাংলাদেশের ২য় বৃহত্তম।

Ans : B.

২৭. টোকিও অলিম্পিক গেমস ২০২০ এর কোন ইভেন্টে বাংলাদেশ প্রথমবারের মত দ্বিতীয় পর্বে পৌঁছেছিল?

- A. সাঁতার B. ধনুর্বিদ্যা  
C. গুটিং D. এ্যাথলেটিকস্

ব্যাখ্যা : বিশ্ব অলিম্পিকে বাংলাদেশ-

- বাংলাদেশ অলিম্পিকে প্রথম অংশগ্রহণ করেন - ১৯৮৪ সাল।
- বাংলাদেশ গ্রীষ্মকালীন অলিম্পিকে অংশগ্রহণ করেছে - ১০ বার।
- বাংলাদেশ শীতকালীন অলিম্পিকে অংশগ্রহণ করেছে - একবারও না।
- টোকিও অলিম্পিক গেমসে (২০২০) বাংলাদেশ দ্বিতীয় পর্বে পৌঁছেছিল (প্রথমবারের মত) - ধনুর্বিদ্যা ইভেন্টে।
- অলিম্পিকে বাংলাদেশের খারাপ ফলাফলের জন্য দায়ী - দুর্বল অর্থনীতি।
- অলিম্পিকে বাংলাদেশ পদক জিতেছে - একটিও না।

Ans : B.

২৮. মুক্তিযুদ্ধে সাতজন বীরশ্রেষ্ঠের মধ্যে প্রথম শহীদ কে?

- A. মোহাম্মদ রুহুল আমিন B. মোহাম্মদ মোস্তফা কামাল  
C. মোহাম্মদ হামিদুর রহমান D. মতিউর রহমান

ব্যাখ্যা : বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- জন্মসাল-মৃত্যুসাল - ১৯৪৭-১৯৭১ (১৭ এপ্রিল)।
- জন্মস্থান-মৃত্যুস্থান - ভোলা-ব্রাহ্মণবাড়িয়া।
- সমাধি-ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ার দরুইন গ্রামে।
- কর্মস্থল, পদবি - সেনাবাহিনী, সিপাহি।
- সেপ্টর - ২ নং সেপ্টর।

Ans : B.

২৯. কোন ক্ষেত্রে অবদানের জন্য 'ম্যান বুকার' পুরস্কার দেওয়া হয়?

- A. সংগীত B. সাংবাদিকতা C. চলচ্চিত্র D. সাহিত্য

ব্যাখ্যা : 'ম্যান বুকার' পুরস্কার সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-

- ম্যান বুকার পুরস্কার দেওয়া হয় - সাহিত্যে অবদানের জন্য।
- কমনওয়েলথ, জিম্বাবুয়ে বা আয়ারল্যান্ডের নাগরিক হতে হয় - ম্যান বুকার পুরস্কার পাওয়া জন্য।
- ম্যান বুকার পাওয়ার জন্য লেখকের উপন্যাস - ইংরেজি ভাষার হতে হবে।
- প্রথম পুরস্কার দেওয়া হয় - ১৯৬৯ সালে।
- পুরস্কার দেওয়া হয় - গিল্ডহল, লন্ডন থেকে।

Ans : D.

৩০. ৫ এর কত শতাংশ ৭ হবে?

- A. ১২০ B. ১৩০ C. ১৪০ D. ১৫০

ব্যাখ্যা : ধরি, ৫ এর ক% = ৭

$$\therefore 5 \times \frac{k}{100} = 7 \Rightarrow \frac{k}{20} = 7 \Rightarrow k = 7 \times 20 = 140$$

Ans : C.

## লিখিত অংশ

বাংলা

১. নিচের অংশটুকু বাংলায় অনুবাদ কর।

10

Millions of fathers in rain  
Millions of mothers in pain  
Millions of brothers in woe  
Millions of sisters nowhere to go

One Million aunts are dying for bread  
One Million uncles lamenting the dead  
Grandfather millions homeless and sad  
Grandmother millions silently mad

Millions of daughters walk in the mud  
Millions of children wash in the flood...

('September on Jessoro Road' by Allen Ginsberg)

Ans : লাখে পিতারা বৃষ্টিতে ভিজে

লাখে মাতারা ব্যাথায় কাঁদে  
লাখে ভাইয়েরা দুঃখে শ্রিয়মান  
লাখে বোনেরা আশ্রয়হীনা  
লাখে খালা-ফুফু ক্ষুধার জ্বালায় মরে  
লাখে চাচারা লাশের শোকে মরে  
লাখে পিতামহ ঘরহারা চিরদুঃখী  
লাখে মাতামহ উন্মাদ হয়ে বধির  
লাখে কন্যারা হেঁটে যায় কাদামাটি  
লাখে শিশুরা ভেসে যায় বন্যায়

(সেপ্টেম্বর অন যশোর রোড অ্যালেন গিন্সবার্গ)

2. নিচের গদ্যাংশ শুদ্ধ করে লিখ। 5  
পাকিস্তান প্রতিষ্ঠা অবশ্য অন্য ব্যাপার, কিন্তু প্রতিষ্ঠিত পাকিস্তানের যে উর্দু এবং কেবল উর্দুই হবে, এই বক্তব্যে ভ্রান্তি কোথায়। পাকিস্তান ছিল একটি শোষণভিত্তিক অগণতান্ত্রিক রাষ্ট্র, সেখানে ক্ষমতাসীন অবাঙালীরা বাঙালীদের নিগূহীত করবে এটাই ছিল স্বাভাবিক। মোড়কটা ছিল ধর্মীয়, অভিপ্রায়টি নিষ্ঠুররূপে বৈষয়িক। শোষণের প্রয়োজনেই উর্দুকে চাঁপাতে চেয়েছে, নিষ্পৃষ্ঠ করতে চেয়েছে বাঙালীর সংস্কৃতিকে। সংস্কৃতিকে কারু করতে পারলে মানুষকে বশে রাখা সহজ।

**Ans :** পাকিস্তান প্রতিষ্ঠা অবশ্য অন্য ব্যাপার; কিন্তু প্রতিষ্ঠিত পাকিস্তানের যে "উর্দু এবং উর্দুই হবে"- এই বক্তব্যে ভ্রান্তি কোথায়? পাকিস্তান ছিল একটি শোষণভিত্তিক অগণতান্ত্রিক রাষ্ট্র। সেখানে ক্ষমতাসীন অবাঙালীরা বাঙালীদের নিগূহীত করবে এটাই ছিল স্বাভাবিক। মোড়কটা ছিল ধর্মীয়, অভিপ্রায়টি নিষ্ঠুররূপে বৈষয়িক। শোষণের প্রয়োজনেই উর্দুকে চাঁপিয়ে দিতে চেয়েছে, নিষ্পৃষ্ট করতে চেয়েছে বাঙালীর সংস্কৃতিকে। সংস্কৃতিকে কারু করতে পারলে মানুষকে বশে রাখা সহজ।

### English

3. Translate the following paragraph into English : 5  
ব্রজেন দাস (১৯২৭-১৯৯৮) ছেলেবেলা থেকেই সাঁতারে পারদর্শী ছিলেন। তিনি বুড়িগঙ্গা নদীতে সাঁতার চর্চা করতেন। শিক্ষাজীবন শেষে ঢাকায় ফিরে তিনি তৎকালীন ক্রীড়া ফেডারেশনকে সাঁতার প্রতিযোগিতা চালু করতে উদ্বুদ্ধ করেন। এরকম একটি প্রতিযোগিতা প্রথম অনুষ্ঠিত হয় ১৯৫৩ সালে। তিনি দক্ষিণ এশীয়দের মধ্যে প্রথম ইংলিশ চ্যানেল সাঁতারে অতিক্রম করেন।

**Ans :** Brojen Das (1927-1998) was expert in swimming since boyhood. He practised swimming in Buriganga River. Returning to Dhaka after completing his education, he motivated the sports federation of that time to introduce swimming competition. The first such competition took place in 1953. He was the first Asian to swim across the English Channel.

4. Write a paragraph on your expectations from a university in ten (10) sentences. 10

**Ans :** A university should be the highest echelon of academic excellence. My first expectation from a university is to get a highly standard curriculum which will be congruous with the whole world. As teachers are called architects of a nation, university teachers have to be highly qualified with versatile knowledge. They have to have passion, patience, up-to-date information, command over subject, positive attitude etc. A university should have a spacious library, computers and laboratory Facilities. Students must be given proper research facilities by which they can contribute to the society by doing research on particular thing. Students should be given well-equipped classroom with modern amenities. I also expect to have a good cafeteria and playgrounds where students can play regularly. Above all, a university should be a platform that fosters competitiveness, unrestrained scientific inquiry, critical thinking and innovation. I want to conclude with a quote of Benjamin Disraeli who says "A University should be a place of light, of liberty, and of learning."

### সাধারণ জ্ঞান (বিশ্লেষণধর্মী)

5. নিচের নামচিত্র (লোগো) সম্পর্কে পাঁচটি বাক্য রচনা কর। 5



**Ans :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোগো সম্পর্কে ৫ টি বাক্য-

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান লোগোতে লেখা আছে - শিক্ষাই আলো।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান লোগোটি গঠিত হয় - ১৯৭৩ সালে।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান লোগোর রূপকার - সমরজিৎ রায় চৌধুরী।
- লোগোতে চক্ষু দেওয়া হয়েছে - আন্দোলন-সংগ্রামে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীর প্রতীক হিসেবে।
- লোগোতে ফুল ব্যবহার করা হয়েছে - সৌন্দর্যের প্রতীক হিসেবে।

6. কোভিড-১৯ মহামারীর কারণে ঝরে পড়া নারী শিক্ষার্থীদের বিদ্যালয়ে ফিরিয়ে আনতে বাংলাদেশ সরকার কী কী পদক্ষেপ নিতে পারে? (পাঁচটি বাক্যে লিখ।) 5

**Ans :** কোভিড-১৯ মহামারীর কারণে ঝরে পড়া নারী শিক্ষার্থীদের বিদ্যালয়ে ফিরিয়ে আনতে বাংলাদেশ সরকার যেসব পদক্ষেপ নিতে পারে-

- শিক্ষার্থীদের বিদ্যালয়ে ফিরিয়ে আনতে বিভিন্ন সহশিক্ষামূলক কার্যক্রম হাতে নিতে পারে।
- শিক্ষার্থীদের জন্য বিদ্যালয় প্রাঙ্গণে বিনোদনের ব্যবস্থা করা দরকার। যেমন : সাংস্কৃতিক অনুষ্ঠান, খেলাধুলা, কুইজ।
- শিক্ষার গুরুত্ব সম্পর্কে অভিভাবকদেরকে অবহিত করার জন্য বিভিন্ন সেমিনার করা যেতে পারে।
- প্রতিনিয়ত পত্রিকার পাতা এবং টেলিভিশন চ্যানেলে প্রচার করা যেতে পারে শিক্ষার ভূমিকা এবং শিক্ষাহীনতার কু-প্রভাব।
- বিদ্যালয়গুলোর পরিবেশ এবং বিদ্যালয়ের শিক্ষকদের মান উন্নয়ন নিশ্চিত করা দরকার।

!!! বের হয়েছে !!!

পানকৌড়ি

**BASIC ICT**

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' বিষয়ের একমাত্র পূর্ণাঙ্গ সহায়িকা

!!! বের হয়েছে !!!

পানকৌড়ি

- শতভাগ ব্যাখ্যা সম্বলিত অধ্যয়নভিত্তিক একমাত্র প্রশ্নব্যাংক
- ◆ ওছে ভর্তি পরীক্ষা (বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা)
  - ◆ সমন্বিত কৃষি বিশ্ববিদ্যালয়

শিক্ষার সবকিছু দাঠশালার

• প্রশ্নব্যাংক • ক্লাস • পরীক্ষা • PDF • তথ্য • কোর্স • কেয়ার